

বাঁশরি বাজাতে চাহি, বাঁশরি বাজিল কই ।
 বিহরিছে সমীরণ, কুহরিছে পিকগণ,
 মথুরার উপবন কুসুমে সাজিল ওই ॥
 বিকচ বকুলফুল দেখে যে হতেছে ডুল,
 কোথাকার অলিকুল গুঞ্জরে কোথায় ।
 এ নহে কি বৃন্দাবন, কোথা সেই চন্দ্রানন,
 ওই কি নুপুরধ্বনি, বনপথে শুনা যায় ।
 একা আছি বনে বসি, পীত ধড়া পড়ে খসি,
 সোঙরি সে মুখশশী পরান মজিল সই ॥
 একবার রাধে রাধে ডাক্ বাঁশি মনোসাধে—
 আজি এ মধুর চাঁদে মধুর যামিনী ভায় ।
 কোথা সে বিধুরা বালা— মলিনমালতীমালা,
 হৃদয়ে বিরহজ্বালা, এ নিশি পোহায় হয় ।
 কবি যে হল আকুল, একি রে বিধির ডুল,
 মথুরায় কেন ফুল ফুটেছে আজি লো সই ॥

Parjaay: Prem (305), Taal: Tritaal, Raag: Sindhu Kafi
 Visit www.geetabitan.com for notation and other detail